প্রেস রিলিজ
১৪ সেপ্টেম্বর ২০২৫

# "প্রমোশন নয়, জ্ঞানভিত্তিক গবেষণার প্রসারই প্রবন্ধ প্রকাশের মূল লক্ষ্য"— বাউবি উপাচার্য

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে (বাউবি) "সূচিকৃত জার্নালে গবেষণা প্রবন্ধ প্রণয়ন ও প্রকাশনা" (Preparation and Publication of Research Articles in Indexed Journals) বিষয়ক এক সেমিনার গাজীপুরস্থ ক্যাম্পাসের সম্মেলন ও প্রশিক্ষণ কেন্দ্রের লেকচার গ্যালারিতে আজ ১৪ সেপ্টেম্বর ২০২৫ রবিবার সকাল ১০:০০টায় অনুষ্ঠিত হয়।

ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) আয়োজিত সেমিনারে প্রধান অতিথি ছিলেন, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম। "গবেষণা প্রবন্ধ প্রকাশের ক্ষেত্রে ধৈর্য, সততা ও মান বজায় রাখা অত্যন্ত জরুরি। প্লেজারিজম পরিহার করে সঠিকভাবে গবেষণার ডেটা বিশ্লেষণ ও ব্যাখ্যা দিতে পারলেই আন্তর্জাতিক মানের জার্নালে প্রবন্ধ প্রকাশ সম্ভব। নেতিবাচক ফলাফলও গবেষণার অংশ এবং সঠিকভাবে উপস্থাপন করলে তা মূল্যবান অবদান হয়ে ওঠে। তিনি জোর দিয়ে বলেন, কেবল প্রমোশন পাওয়ার জন্য নয়, বরং বিশ্ববিদ্যালয়ের মানোন্নয়ন ও গবেষণার অগ্রগতির স্বার্থেই মানসম্পন্ন গবেষণা প্রবন্ধ রচনা করতে হবে। প্রমোশন নয়, জ্ঞানভিত্তিক গবেষণার প্রসারই প্রবন্ধ প্রকাশের মূল লক্ষ্য"। সেমিনারে প্রধান অতিথির বক্তব্য প্রদানকালে উপাচার্য এসব কথা বলেন।

সেমিনারে বিশেষ অতিথি ছিলেন, বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাঃ শামীম। তিনি বলেন, মানসম্মত গবেষণা প্রবন্ধ প্রকাশে উপযুক্ত জার্নাল নির্বাচন, স্পষ্ট উপস্থাপন, প্লেজারিজম এড়িয়ে চলা ও রিভিউ মন্তব্য অনুযায়ী সংশোধন অত্যন্ত জরুরি; ধৈর্য ও সততাই এখানে সফলতার মূল চাবিকাঠি।

অনুষ্ঠানে মুখ্য আলোচক ছিলেন চিফ এডিটর, জার্নাল অব এডভান্সড ভেটেরিনারি এন্ড এনিম্যাল রিসার্চ এবং বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, মাইক্রো বায়োলজি এন্ড হাইজিন বিভাগের, অধ্যাপক ড. কেএইচএম নাজমুল হোসাইন নাজির। তিনি বলেন, "গবেষণা প্রবন্ধ প্রণয়ন একটি সৃজনশীল ও ধৈর্যসাধ্য কাজ। মৌলিকত্ব বজায় রাখা, সঠিক গবেষণা পদ্ধতি অনুসরণ, ইতিবাচক ও নেতিবাচক ফলাফলের সঠিক উপস্থাপন এবং সততা-নিরপেক্ষতা মানসম্মত প্রবন্ধ রচনার জন্য অপরিহার্য। আন্তর্জাতিক জার্নালে প্রকাশে ভাষাগত দক্ষতা, সঠিক কাঠামো ও রিভিউয়ারদের পরামর্শ প্রতিফলনই সফলতার মূল চাবিকাঠি"।

আইকিএসির পরিচালক অধ্যাপক ড. মোঃ সিরাজুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (অতিঃ দাঃ) অধ্যাপক মোঃ আনিছুর রহমান, বিভিন্ন স্কুলের ডিন ও সকল শিক্ষক অংশগ্রহণ করেন। সেমিনারে উপস্থাপনা করেন, আইকিউএসির অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ জহির রায়হান।

মো: খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)
মোবাইলঃ ০১৭১১২০৭৬৯৮